গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

শৃঙ্খলা-১ শাখা

www.moha.gov.bd

নম্বর- ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০২২.২৪- ২৭৬

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রিফাত রহমান শামীম (বিপি-৭৩০৫১০০৯৯৯), বর্তমানে সাময়িক বরখাস্ত ইতঃপূর্বে যুগ্ম-পুলিশ কমিশনার, গুলশান বিভাগ, ডিএমপি, ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১৩-০৮-২০২৪ তারিখ ৪৪.০০.০০০০.০৯৪.১৯.০০১.১৯-৯৮(১১) নং স্মারকমূলে তাঁকে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, চট্টগ্রামে সংযুক্ত হিসাবে বদলি/পদায়ন করা হয়। গত ১৮-০৮-২০২৪ তারিখ তিনি রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, চট্টগ্রামে যোগদানের উদ্দেশ্যে ডিএমপি, ঢাকার দায়িত্বভার অর্পণ করলেও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে গত ১৮-০৮-২০২৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর এহেন কর্মকাণ্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা ও সরকারি আইনানুগ আদেশ প্রতিপালনে অবজ্ঞা প্রদর্শন এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ও ২(চ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর আওতাভুক্ত এবং একই বিধিমালার ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে ০১৭/২০২৪ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

০২। যেহেতু, নির্ধারিত সময় অতিবাহিত হলেও তিনি তাঁর লিখিত বক্তব্য/জবাব দাখিল করেননি। একইসাথে তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী লিখিত বক্তব্য/জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোনো আবেদন করেননি। তদপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপযোগ্য হবে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত শেষে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়; এবং

০৪। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)-এর উপ-বিধি (১)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি; এবং

০৫। যেহেতু, পরবর্তীতে জনাব রিফাত রহমান শামীম (বিপি-৭৩০৫১০০৯৯৯), অতিরিক্ত ডিআইজি, বর্তমানে সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, চট্টগ্রামে সংযুক্ত এবং সাবেক যুগ্ম-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকাকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক গুরুদণ্ড চূড়ান্তকরণের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হয়। তদপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(ঘ) অনুযায়ী 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)'-এর গুরুদণ্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্তে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করে; এবং

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৬। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)'-এর গুরুদণ্ডের সিদ্ধান্ত চূড়ান্তকরণে সদয় অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব রিফাত রহমান শামীম (বিপি-৭৩০৫১০০৯৯৯), অতিরিক্ত ডিআইজি, বর্তমানে সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, চট্টগ্রামে সংযুক্ত এবং সাবেক যুগ্ম-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১)(ঘ) অনুযায়ী গত ১৮-০৮-২০২৪ তারিখ হতে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬/০৭/২৫

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নম্বর- ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০২২.২৪- ২৭৩

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারির অনুরোধসহ)।
০৪। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (শৃঙ্খলা/পুলিশ-১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
০৮। জনাব রিফাত রহমান শামীম (বিপি-৭৩০৫১০০৯৯৯), অতিরিক্ত ডিআইজি, বর্তমানে সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, চট্টগ্রামে সংযুক্ত এবং সাবেক যুগ্ম-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস কপি।